গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৭.২০১৩- ২৬৯ তারিখঃ ৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ ফরিদুল হাসান (৪১৫৩৪), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বন্দর, নারায়নগঞ্জ গত ০৯.০৩.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৩.১০.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৭.২০১৩-৮৫৩নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

০৩/০৫/২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ ফরিদুল হাসান (৪১৫৩৪)
আবাসিক মেডিকেল অফিসার
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
বন্দর, নারায়নগঞ্জ
(স্থায়ী ঠিকানাঃ- মাতুয়াইল, কোনাপাড়া, যাত্রাবাড়ি, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৭.২০১৪- ২৬৯/১(৫) তারিখঃ ০৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
৩। সিভিল সার্জন, নারায়নগঞ্জ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বন্দর, নারায়নগঞ্জ।

৪/৫/২০১৫
(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\Current-14-15\Showcause\2nd showcase.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৪.২০১৫- ২৬৩ তারিখঃ ০৪.০৪.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ আলাউদ্দিন আল আজাদ (৪১৮৮৫), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (বদলির আদেশাধীন), দোয়ারাবাজার, সিলেট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, স্বাস্থ্য অধিদপ্তরের ২৮.০৯.২০১৪ তারিখের ১১৬৩৭নং স্মারকে আপনি ডাঃ মোঃ আলাউদ্দিন আল আজাদ (৪১৮৮৫)কে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে দোয়ারাবাজার, সিলেটে বদলি করা হলে আপনি সরকারি আদেশ মোতাবেক বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি এবং আপনার স্থলে পদায়নকৃত কর্মকর্তাকে আর্টিক্যাল-৪৭ মোতাবেক দায়িত্ব হস্তান্তর করেননি;

যেহেতু, আপনি সরকারি আদেশ অমান্য করে বিধি বহির্ভূতভাবে কুলাউড়া, স্বাস্থ্য কমপ্লেক্স, মৌলভীবাজার-এ নবযোগদানকারী কর্মকর্তাকে সরকারি কাজ ও দায়িত্ব পালনে বাধা প্রদান করেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমানিত হয়েছে;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

০৪.০৪.২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ আলাউদ্দিন আল আজাদ (৪১৮৮৫)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
(বদলির আদেশাধীন), দোয়ারাবাজার, সিলেট
(স্থায়ী ঠিকানাঃ- পিতা-মোঃ বশির উদ্দিন মোল্লা, গ্রাম-ঘোড়াদহ, ডাক-তাম্বুলখানা, উপজেলা-সদর, জেলা-ফরিদপুর)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৪.২০১৫- ২৬৩(৭)/১(৬) তারিখঃ ০৪.০৪.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
৩। উপ-পরিচালক (শৃংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সিভিল সার্জন, সিলেট (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

স্বাস্থ্য অধিদপ্তরের ২৮.০৯.২০১৪ তারিখের ১১৬৩৭নং স্মারকে ডাঃ মোঃ আলাউদ্দিন আল আজাদ (৪১৮৮৫)কে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে দোয়ারাবাজার, সিলেটে বদলি করা হলে তিনি সরকারি আদেশ মোতাবেক বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি এবং তাঁর স্থলে পদায়নকৃত কর্মকর্তাকে আর্টিক্যাল-৪৭ মোতাবেক দায়িত্ব হস্তান্তর করেননি। তিনি সরকারি আদেশ অমান্য করে বিধি বহির্ভূতভাবে কুলাউড়া, স্বাস্থ্য কমপ্লেক্স, মৌলভীবাজার-এ নবযোগদানকারী কর্মকর্তাকে সরকারি কাজ ও দায়িত্ব পালনে বাধা প্রদান করেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমানিত হয়েছে। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

৩০/০৪/২০১৫

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৭.২০১৩- ২৬৪ তারিখঃ ০৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ আলাউল কবির (১২৫২৯৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেঘনা, কুমিল্লা গত ০৫.০৪.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ২৮.১১.২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৭.২০১৩-৯৯৪নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৯.১২.২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করে আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ আলাউল কবির (১২৫২৯৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেঘনা, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তাঁর ০৫.০৪.২০১৩ খ্রিঃ তারিখ হতে ২২.০৯.২০১৪খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

৩০/০৪/২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৭.২০১৩- ২৬৪/১(১১) তারিখঃ ০৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। উপ-সচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিভিল সার্জন, কুমিল্লা।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মেঘনা, কুমিল্লা।
৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মেঘনা, কুমিল্লা।
১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১১। ডাঃ মোহাম্মদ আলাউল কবির (১২৫২৯৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মেঘনা, কুমিল্লা।

৪/৫/২০১৫
(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document\(Current-14-15)\Order (NI)\Minor Penalty.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৩.২০১৪- ২৬৮ তারিখঃ ০৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ জেবুন্নেছা ইসলাম (৪১৯১৭), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আখাউড়া, ব্রাহ্মণবাড়ীয়া গত ০২.০৯.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৬.০৮.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৩.২০১৪-৬০৯নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

০৩/০৫/২০১৫
(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ জেবুন্নেছা ইসলাম (৪১৯১৭)
জুনিয়র কনসালটেন্ট (গাইনী)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
আখাউড়া, ব্রাহ্মণবাড়ীয়া
(স্থায়ী ঠিকানাঃ- ডাঃ রফিকুল ইসলাম সড়ক, লাকী ফার্মাসী, ২০৭, কাজী পাড়া, মিরপুর, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৩.২০১৪- ২৬৮/১(৫) তারিখঃ ০৪.০৫.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
৩। সিভিল সার্জন, ব্রাহ্মনবাড়ীয়া (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আখাউড়া, ব্রাহ্মনবাড়ীয়া।

৪/৫/২০১৫
(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

F:\Noor Document\Current-14-15\Showcause\2nd showcase.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৬.২০১৪- ২৬৭ তারিখঃ ১৪.০৫.২০১৫

আদেশ

যেহেতু, ডাঃ মীর এহতেশামুল হক (৪১৬৪৭), সহকারী অধ্যাপক (চঃদাঃ), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১০.১১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৬.২০১৪-৮৭৪নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৫.০৪.২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি অনুমোদিত ছুটি শেষ হওয়ার ১৫(পনের) দিন পূর্বেই অনলাইনে ছুটি বর্ধিতকরণের আবেদন করেন। অনলাইনে উক্ত আবেদনের উপর কার্যক্রম গ্রহণ করা হয়নি। তার আবেদন না মঞ্জুরও করা হয়নি। ছুটির আবেদন না মঞ্জুর করার আদেশ জারি না হওয়ায় প্রতীয়মান হয় যে তার বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতিতে তার ইচ্ছাকৃত ত্রুটি ছিল না। এছাড়া তিনি তার আবেদন বিবেচনা বিষয়ে কর্তৃপক্ষের কোন নির্দেশনা না পাওয়ায় কর্মস্থলে যোগদান করেছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মীর এহতেশামুল হক (৪১৬৪৭), সহকারী অধ্যাপক (চঃদাঃ), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাঁকে ভবিষ্যতের জন্য সতর্কপূর্বক ০১.০৩.২০১৪ তারিখ হতে ২০.০৮.২০১৪ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুরকরতঃ বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

৩০/০৪/২০১৫

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২৬.২০১৪- ২৬৭/১(৮) তারিখঃ ০৪.০৫.২০১৫

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপ-সচিব (পার-৩/পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। ডাঃ মীর এহতেশামুল হক (৪১৬৪৭), সহকারী অধ্যাপক (চঃদাঃ), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

E:\Nikos Document (Current-14-15)\Order (N)\Realease from Charge.doc